



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।



Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

স্মারক নং- টি.টি. কলেজ/খুলনা/২০২২/২১

তারিখ : ১২/০১/২০২২ খ্রি.

বিষয় : সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র উত্তর পার্শ্বে প্রাচীর সংলগ্ন কাঁচা ড্রেনের স্থলে কুয়েট কর্তৃক নব নির্মাণাধীন মাস্টার ড্রেনের সাথে অত্র কলেজের (জলাবদ্ধতা নিরসনে) প্রাকৃতিক পানি নিষ্কাশনের ৩(তিন) টি সংযোগ পয়েন্ট স্থাপন সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাসের প্রাকৃতিক পানি নিষ্কাশনের একমাত্র পথ হচ্ছে অত্র কলেজের উত্তর পার্শ্বে অবস্থিত প্রাচীরের ৩(তিন) টি পয়েন্টের ছিদ্র দিয়ে কুয়েটের কাঁচা ড্রেনের সাথে সংযুক্ত এবং এটি বিগত ৫ (পাঁচ) দশক ধরে বিদ্যমান। কিন্তু সম্প্রতি কুয়েট গৃহীত উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বর্ণিত কাঁচা ড্রেনটি পাকা (মাস্টার) ড্রেনে রূপান্তরের কাজ চলছে। এর ফলে ঐ কাঁচা ড্রেনের সাথে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র পানি নিষ্কাশনের সংযোগ পথ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। এক্ষণে, কুয়েট এর সদাশয় কর্তৃপক্ষের কাছে নিম্নস্বাক্ষরকারীর সুস্পষ্ট বক্তব্য হচ্ছে, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাসের প্রাকৃতিক পানি নিষ্কাশনের আর কোন বিকল্প ব্যবস্থা না থাকায় কুয়েট কর্তৃক নব নির্মাণাধীন মাস্টার ড্রেনের সাথে অত্র কলেজের প্রাকৃতিক পানি নিষ্কাশনের ৩(তিন)টি সংযোগ পয়েন্ট স্থাপনের ব্যবস্থা রাখা এখন সময়ের দাবী। অন্যথায়, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাসে স্থায়ী জলাবদ্ধতা সৃষ্টি হবে এবং যার ফলে এখানে মানবিক বিপর্যয় দেখা দিতে পারে। স্মরণীয় যে, প্রায় ৪ (চার) দশক ধরে কুয়েটে-এর প্রাকৃতিক পানি নিষ্কাশিত হতো সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাসের ভিতর দিয়ে। তাছাড়া, প্রতিবেশি শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে কুয়েট এবং অত্র কলেজের সুসম্পর্ক সুদীর্ঘকালের। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কুয়েটের প্রাক্তন ভিসি এবং বর্তমান ইউজিসি'র সম্মানিত সদস্য প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ভিসি থাকা অবস্থায় অত্র কলেজে প্রশিক্ষণ কোর্সের একটি সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে অত্র কলেজের জলাবদ্ধতা নিরসনে তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, প্রকল্পের মাধ্যমে কুয়েট-এ মাস্টার ড্রেন তৈরি হলে সেই ড্রেনের সাথে অত্র কলেজের পানি নিষ্কাশনের সংযোগ প্রদান করা হবে।

বর্ণিতাবস্থায়, সমস্যাটি আশু সমাধানে আপনার ব্যক্তিগত সহযোগিতা ও সদয় হস্তক্ষেপ কামনা করছি।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)

আইডি নং-৮২২৫

অধ্যক্ষ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

মোবাইল-০১৭১৬৭৩১০৪৭

প্রাপক : উপাচার্য

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।


দৃষ্টি আকর্ষণ : প্রকল্প পরিচালক, পিআইএএ, কুয়েট।

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/ ২১(৭)

তারিখ : ১২/০১/২০২২ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, খুলনা।
- ৩। প্রধান প্রকৌশলী, কুয়েট, খুলনা।
- ৪। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা জোন, খুলনা।
- ৭। সংরক্ষণ নথি।



(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)

আইডি নং-৮২২৫

অধ্যক্ষ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

ফোন-০১৭১৬৭৩১০৪৭